



গুলশানে চাঁদাবাজি: সাবেক ছাত্রনেতা রিয়াদের বাসা থেকে ২ কোটি ২৫ লাখ টাকার চেক জব্দ



সংগৃহীত ছবি

ঢাকার গুলশানে চাঁদা আদায়ের অভিযোগে গ্রেফতার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক নেতা আব্দুর রাজ্জাক বিন সুলাইমান ওরফে রিয়াদের বাসা থেকে ২ কোটি ২৫ লাখ টাকার চেক উদ্ধার করেছে পুলিশ।

পুলিশ জানায়, এক সাবেক সংসদ সদস্যের বাসা থেকে ৫০ লাখ টাকা চাঁদা আদায়ের সময় তাকে হাতেনাতে আটক করা হয়। পরে তার গুলশানের বাসায় তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণ চেক উদ্ধার করা হয়।

বুধবার (৩০ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) গণমাধ্যম বিভাগ বিষয়টি নিশ্চিত করেছে। পুলিশ জানিয়েছে, এ ঘটনায় নতুন আরেকটি মামলা প্রক্রিয়াধীন রয়েছে। বিস্তারিত তথ্য আসছে...

LENS ASIA